যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর

মানব সম্পদ বিভাগ

pbs1.jessore.gov.bd

নম্বর ২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.১৯.৮৫২৯ তারিখ ২৯ অগ্রহায়ণ ১৪২৬

১৪ ডিসেম্বর ২০১৯

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত পদসমূহে স্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে নিম্ন বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১. | **ডাটা এন্ট্রি অপারেটর** (মহিলাদের জন্য সংরক্ষিত) | ১৮,৩০০/= হতে ৩২,৭৪০/= এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়াসহ অন্যান্য ভাতাদি | ০৩টি | (ক) এসএসসি ও এইচ এস সি ২য় বিভাগ অথবা জিপিএ-৪ এর মধ্যে ২.২৫ বা জিপিএ-৫ এর মধ্যে ২.৫০ সমমান থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০ টি শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।<br>(গ) প্রার্থীকে কম্পিউটারের উপর পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম পরিচালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে শুদ্ধ বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন হতে হবে।<br>(ঙ) সুন্দর ও সু-শৃঙ্খলভাবে কাজ করার সামর্থ থাকতে হবে।<br>(চ) নথি যোগাযোগ, তথ্য ও ফাইল ভান্ডার সংরক্ষণের সঠিক পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>(ছ) ওয়ার্ড প্রসেসিং, প্রিন্টিং, কম্পিউটারের মৌলিক ও পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ, টাঙ্গাইল, সিলেট, ব্রাহ্মনবাড়িয়া, বরিশাল, নোয়াখালী, কিশোরগঞ্জ, রংপুর, বগুড়া, জামালপুর, সুনামগঞ্জ, চাঁদপুর, নারায়নগঞ্জ, কক্সবাজার, গাজীপুর, নেত্রকোনা, নরসিংদী, মৌলভীবাজার, সিরাজগঞ্জ, হবিগঞ্জ, পটুয়াখালী, মানিকগঞ্জ, লক্ষীপুর, কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, লালমনিরহাট, পাবনা, মুন্সিগঞ্জ, নীলফামারী, গাইবান্ধা, শেরপুর, নাটোর, দিনাজপুর, ফেনী, পিরোজপুর, শরিয়তপুর, নওগাঁ, রাজবাড়ী, ভোলা, জয়পুরহাট, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, ঝালকাঠি, ঠাকুরগাঁও, ফরিদপুর, বান্দরবন,বরগুনা ও পঞ্চগড় ।<br>এছাড়া অন্যান্য জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
| ০২. | অফিস সহায়ক | ১৫,৫০০/= হতে ২৭,৮৫০/= এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়াসহ অন্যান্য ভাতাদি | ০৪টি | (ক) এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই বাইসাইকেল চালাতে সক্ষম এবং নিজস্ব বাইসাইকেল থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

**০১। আবেদনকারীগণ যশোর পবিস-১ এর ওয়েবসাইট (www.pbs1.jessore.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইড (www.reb.gov.bd) হতে A4 সাইজের কাগজে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক প্রবেশপত্র সহ যথাযথভাবে স্বহস্তে পূরণ করে আগামী ০৭/০১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরন করতে হবে।** সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোনো আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। ০৭/০১/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

**০৩। <u>আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রের মুল কপি অথবা ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবেঃ</u>**

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।

(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (মার্কশীট ও প্রশংসা পত্র গ্রহনযোগ্য নয়)।

(ঘ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।

(ঙ) অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর অনুকূলে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

(ছ) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র **প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল** থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে।

০৭। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৮। ইতঃপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত কোনো পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারণে উল্লেখিত যে কোন পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৫। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

১৬। খামের উপর বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্রেখ করতে হবে।

১৭। প্রাপ্ত আবেদন সমূহ প্রাথমিকভাবে বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে)।

১৮। উত্তীর্ণ প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত-দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধাতির প্রশিক্ষণে উত্তীর্ণ (ডাটা এন্ট্রি অপারেটর) বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা

৩০০-১৪,৩০০-১৭,৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

১৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

১৪-১২-২০১৯


প্রকৌশলী আবদুল মন্নান

সিনিয়র জেনারেল ম্যানেজার

ফোন: ০৪২১৬৮৮৭৪

ইমেইল: jessorepbs1@gmail.com


অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানো অনুরোধসহ)।

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।

২) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৩) পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাতা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।

৫) জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দশনাসহ)।

৬) নোটিশ বোর্ড, যশোর পবিস-১, ওয়েবসাইট (www.pbs1.jessore.gov.bd)।

৭) অফিস কপি/ মাষ্টার কপি।

৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।

৯) সকল ডিজিএম, যশোর পবিস-১

১০) সাব-জোনাল অফিস, যশোর পবিস-১

১১) সকল এজিএম, সদর দপ্তর, যশোর পবিস-১।